



খেলাধুলায় বাস্তবের জমি বড়ই কঠিন

ইকবাল বাহার লস্কর

০৭ জানুয়ারী ২০২১

ফুটবল মাঠে মা-বাবারা তাদের সন্তানকে এক সময় নিয়ে যেতেন মারাদোনা কিংবা জিদান হওয়ার স্বপ্ন নিয়ে। আমাদের দেশে ফুটবল উন্মাদনা বড়ই সীমিত হয়ে পড়েছে। পাশ্চাত্য দেশগুলোর অভিভাবকরা এখনও ছেলেমেয়েদের ফুটবল কোচিং করাতে পাঠান। তবে আইকন খেলোয়াড় বলতে মেসি, নেইমার, রোনাল্ডো কিংবা মহম্মদ সালাহ। আমাদের দেশে খেলা বলতে একটাই--- বড়লোকের ডাঙ্কুলি! জি হ্যাঁ, ক্রিকেটের কথাই বলছি। আর, আইডলের তালিকায় শচীন, ধোনি অথবা কোহলি। কিন্তু বাস্তবের জমি বড়ই কঠিন, রক্ষা। যদি শিলচরের কথা বলি, অভিভাবকরা ডি এস এ-র ক্রিকেট অ্যাকাডেমিতে যখন সন্তানের কিটস ব্যাগটা কাঁধে ঝুলিয়ে নিয়ে আসেন তখন মনে মনে মেগাস্টারদের কথা ভাবেন। ভাল করে প্রীতম দাস, রাহুল সিং, রেহান মজুমদার, মসারব হুসেন লস্কর, রাজু দাসদের নাম পর্যন্ত জানেন না। কিন্তু মাঠে আসার পর এদের দেখে তখন অনুভব করতে পারেন যে এই লেভেল পর্যন্ত পৌঁছানোর লড়াইটাও বেশ কঠিন। পরের ধাপগুলো কঠিন থেকে কঠিনতর। কতটা ঝাড়াই-বাছাইয়ের পর নীল স্বপ্ন দেখা সম্ভব সেটা প্রথম দফায় মাঠে নামার পরই বোঝা যায়। ধোনি-কোহলি-বুমরার জায়গায় আদর্শ হিসেবে বিবেচিত হতে থাকেন প্রীতম-শমীক-রেহানরা। যদিও পরবর্তীতে অনেকেই সেই গণ্ডি পেরিয়ে রাখার সামর্থ্য রাখে, কিন্তু সংখ্যাটা বড় সীমিত। আজ ভারতের জাতীয় দলের ক্রিকেটারদের দিকে তাকালে দেখা যায় মহম্মদ সিরাজ, হার্দিক পাণ্ডিয়ারা ব্যাকিং ছাড়াই টিম ইন্ডিয়ার জার্সি পেয়েছেন। অনেক ক্ষেত্রেই প্রতিভার সঠিক বিচার হয় না ঠিক, কিন্তু হতাশা না হয়ে এগোতে হবে। প্রথমে রাজু-মসারবরাই থাকুক আইডল হিসেবে, পরে রনজি তারকাদের এবং পরবর্তীতে জাতীয় তারকাদের সমকক্ষ হওয়ার চেষ্টা করা যাবে।

এত গল্পের শুরু হয়েছে স্থানীয় এক অ্যাথলিটের বক্তব্য থেকে। বড়যাত্রাপুরের সাহিল হুসেন সম্প্রতি আন্তঃজেলা প্রতিভা বাছাই অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় অংশ নিয়ে ট্রিপল জাম্পে রুপো জিতেছেন। অনূর্ধ্ব ১৭ বয়সী হায়ার সেকেন্ডারি সায়েন্সের এই ছাত্র উসাইন বোল্টকে আদর্শ করে ট্র্যাকে এসেছিলেন। রেস থেকে পরে জাম্পিং ইভেন্টে বেশি আগ্রহ পেয়ে যান। এখন ধাপে ধাপে উন্নতির সুযোগ খুঁজছেন সাহিল। এটা অবশ্যই খুব ভাল লক্ষণ। তবে বোল্ট কিংবা কার্ল লুইস হওয়ার পথে এগোতে হলে ছোট ছোট টার্গেট ধরে এগোতে হবে। সেটা সাহিলদের মতো প্রতিভাবান উঠতি খেলোয়াড়দের ভাল করে বুঝতে হবে।

